



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/12/2023

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলে একটি স্থায়ী পোর্ট্রেট কার্ভিং যোগ করার মাধ্যমে জাস্টিস রুথ ব্যাডার গিনসবার্গের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করার পরিকল্পনা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

নতুন কার্ভিংটি 1898 সালে সম্পন্ন হওয়ার পর থেকে ক্যাপিটলের গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসে প্রথম সংযোজন হতে যাচ্ছে

2023 সালের বসন্তকালে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজ যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের অ্যাসোসিয়েট জাস্টিস এবং ব্রুকলিনের স্থানীয় বাসিন্দা রুথ ব্যাডার গিনসবার্গের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করতে এই বসন্তে নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলে বিচারপতির একটি স্থায়ী পোর্ট্রেট কার্ভিং উন্মোচন করার পরিকল্পনা ঘোষণা করেছেন।

"রুথ ব্যাডার গিনসবার্গকে যখন জিজ্ঞেস করা হয়েছিল যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টে কখন মহিলার সংখ্যা যথেষ্ট হবে, তিনি বিখ্যাত উত্তরটি দিয়েছিলেন 'যখন সংখ্যাটি নয়জন হবে,'" বলেছেন **গভর্নর হোকল**। "ক্যাপিটলে তার পোর্ট্রেট খচিত করার মাধ্যমে, আমরা ন্যায়বিচার ও জেভার সমতার একজন পথপ্রদর্শক হিসেবে জাস্টিস গিনসবার্গের ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করছি, এবং একইসাথে নারী অধিকার আন্দোলনের জন্মস্থান হিসেবে নিউ ইয়র্কের ইতিহাসকে উদযাপন করছি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services, OGS)-এর কমিশনার জেনেট ময় বলেন, "জাস্টিস গিনসবার্গ ছিলেন একজন অনুপ্রেরণাদায়ক, অসাধারণ জুরিস্ট যার জেভার সমতার জন্য নিরলসভাবে লড়াই করে যাওয়া প্রমাণ করেছে যে 'সিদ্ধান্ত গ্রহণ করা হয় এমন সব স্থানে মহিলাদের থাকার অধিকার রয়েছে' এবং যিনি 'ট্র্যাক রেখে যাওয়া' এবং বিশ্বকে অন্যদের জন্য একটি উন্নত স্থানে পরিণত করার জন্য তার নিজস্ব দর্শন অনুসরণ করেছেন। গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসে জাস্টিস গিনসবার্গের প্রতিকৃতি যোগ করা এবং নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলের গল্লে গাঁথা ইতিহাসের অংশ হয়ে উঠার ক্ষেত্রে একটি ভূমিকা পালন করতে পারা OGS-এ আমাদের সবার জন্য একটি সম্মানের ব্যাপার।"

জেন গিনসবার্গ এবং জিম গিনসবার্গ বলেন, "আমি ও আমার ভাই, এবং পুরো গিনসবার্গ পরিবার গভীরভাবে আবেগআপ্লুত যে আমাদের মায়ের নিজের স্টেট নিউ ইয়র্ক চমকপ্রদ ওয়েস্টার্ন স্টেয়ারকেসে তার প্রতিকৃতি স্থাপন করার মাধ্যমে তার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করছে। এটি বিশেষভাবে মানানসই যে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টে তার পূর্বসূরী জন জে-এর পাশে তিনি স্থান পেতে যাচ্ছেন, যাকে তিনি প্রশংসার দৃষ্টিতে দেখতেন।"

1898 সালে গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসের কাজ সম্পন্ন হওয়ার পরে জাস্টিন গিনসবার্গের পোর্ট্রেট হলো এটিতে যোগ হতে যাওয়া প্রথম নতুন কার্ভিং এবং স্টেয়ারকেস গ্যালারিতে প্রদর্শিত সপ্তম মহিলা। কার্ভিংয়ের জন্য নির্বাচন করা দ্বিতীয় তলার স্থানটি জাস্টিস গিনসবার্গকে ভবনটির এমন লেভেলে রাখছে যেখানে এতদিন শুধু পুরুষদেরই প্রতিকৃতি ছিল। জাস্টিস গিনসবার্গের পোর্ট্রেটের জন্য নির্বাচিত স্থানটি হচ্ছে সরাসরি জন জে-এর প্রতিকৃতির উপরে থাকা খালি স্থান, যিনি ছিলেন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের প্রথম চিফ জাস্টিস এবং সুপ্রিম কোর্টের একমাত্র বিচারপতি যার পোর্ট্রেট গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসে খচিত রয়েছে। জাস্টিস গিনসবার্গের প্রতিকৃতি স্টেয়ারকেসটির কোর্সহিল স্যান্ডস্টোনে খচিত বিদ্যমান 19 শতকের পোর্ট্রেটগুলোর মতো একই শৈলিতে খচিত করা হবে।

2022 সালের নভেম্বর মাসে, গিনসবার্গ পরিবার প্রতিকৃতির ভাস্কর মেরেডিথ বার্গম্যানের প্রস্তাবিত খচিত প্রতিকৃতির মডেল অনুমোদন করেছে। বার্গম্যান হচ্ছেন একজন মহিলা ভাস্কর যিনি নিউ ইয়র্ক সিটির সেন্ট্রাল পার্কে নারী অধিকারের অগ্রপথিক স্মৃতিস্তম্ভটি তৈরি করেছেন, যেখানে ভোটাধিকারের পক্ষে আন্দোলনকারী সোজার্নার ট্রুথ, সুজান বি. অ্যান্থনি, এবং এলিজাবেথ ক্যাডি স্ট্যান্টনের প্রতিকৃতি রয়েছে।

গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেস

নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলের গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেস হচ্ছে খচিত নকশাযুক্ত কোর্সহিল স্যান্ডস্টোন দিয়ে নির্মিত একটি স্মারক অভ্যন্তরীণ সিঁড়ি। এই সিঁড়িটি 1884 সাল থেকে 1898 সালের মধ্যবর্তী সময়ে খচিত হয়েছিল। এই সিঁড়ির একমাত্র আধুনিক কাজ 2019 সালে ফ্রেডরিক ডগলাসের নামের বানানের ভুল সংশোধন করার জন্য সম্পন্ন করা হয়েছিল। এই সিঁড়িতে উদ্ভিদ, প্রাণি, প্রতীক, এবং মহৎ আমেরিকানদের চেহারার প্রতিকৃতি খচিত রয়েছে, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেটের প্রথম 30 জন গভর্নর, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট, অভিযাত্রী, রাজনীতিবিদ, উদ্ভাবক, বিজ্ঞানী, লেখক, সৈনিক, কবি, আন্দোলনকারী, এবং দাসপ্রথা বিলোপকারীরা রয়েছেন।

বর্তমানে গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসে ছয়জন মহিলার প্রতিকৃতি খচিত রয়েছে, যার সবকয়টি দ্বিতীয় তলার নিচে অবস্থিত:

- মলি পিচার, বিপ্লবী যুদ্ধের সৈনিক
- হ্যারিয়েট বিচার স্টো, আক্সেল টম'স কেবিনের লেখক
- সুজান বি. অ্যান্থনি, ভোটাধিকার আন্দোলনের নেত্রী

- ক্লারা বার্টন, গৃহযুদ্ধের সময়কালীন নার্স
- এলমিনা পি. স্পেনসার, গৃহযুদ্ধের সময়কালীন নার্স
- ফ্রান্সিস ই. উইলার্ড, টেম্পারেন্স ক্রুসেডার

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418